



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



122569

নং-বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-৪৫/১১৬৩/

তারিখ: ১৩.০৭.২০২০খ্রি.

বিষয়: মৃত্যুজনিত কারণে পুনরায় ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলাধীন নূরপুর রহমানিয়া দারুলছুন্নাহ দাখিল মাদ্রাসার বিদ্যমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব আব্দুর রাজ্জাক গত ১৬/০৬/২০২০ খ্রি. তারিখে মৃত্যুবরণ করায় মাদ্রাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে জনাব মো: সাইফুল ইসলামকে সভাপতি হিসেবে নির্বাচন করে সভার কার্য বিবরণী অত্র বোর্ডে প্রেরণ করেছেন।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ১৪/১০/২০১৮খ্রি. তারিখের নং-বামাশিবো/প্রশা/২২১১৮১২২৫৬৯১/১২৭৬৯/নথি নং-৪৫ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মো: সাইফুল ইসলামকে সভাপতি পদে মনোনয়ন দেয়া হলো।


যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

সুপার,
নূরপুর রহমানিয়া দারুলছুন্নাহ দাখিল মাদ্রাসা
রৌমারী, রৌমারী, কুড়িগ্রাম।


২৬.৭.২০২০

নং-বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-৪৫/১১৬৩/

তারিখ: ১৩.০৭.২০২০খ্রি.


সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম;
৩. উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম;
৪. সভাপতি, নূরপুর রহমানিয়া দারুলছুন্নাহ দাখিল মাদ্রাসা, রৌমারী, কুড়িগ্রাম;
৫. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।



মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪


২৬.৭.২০২০